স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রতিষ্ঠানিকীকরণ প্রকল্প

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.hlp.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রতিষ্ঠানিকীকরণ - উপজেলা কর্মশালা প্রতিবেদন (মেহেরপুর সদর উপজেলা)

সভাপতি : **জনাব মোঃ মাসুদুল আলম, উপজেলা নির্বাহী অফিসার**
তারিখ : **২৪ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ**
সময় : **সকাল ০৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।**
স্থান : **উপজেলা পরিষদ সভা কক্ষ, মেহেরপুর সদর উপজেলা, মেহেরপুর।**
উন্নয়ন সহযোগি প্রতিষ্ঠান : **এসকেএস ফাউন্ডেশন**

সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার ৭ম অধ্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে শক্তিশালীকরণ এবং পল্লী উন্নয়নের উপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে এবং অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার ৭ম অধ্যায়ে স্থানীয় পর্যায়ে সুশাসন নিশ্চিতকরণ এবং উন্নত সেবা সরবরাহের উপর গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে দেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে শক্তিশালীকরণ, কার্যকর ও বাস্তবসম্মত করার প্রয়াসে সময়ে সময়ে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হলেও মেয়াদান্তে ঐ সকল প্রকল্পের ভালো শিখনসমূহ হারিয়ে যায়। একমাত্র পারস্পরিক শিখন (এইচএলপি) এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ভালো শিখনগুলো "নন্দিত অনুসন্ধান" এর মাধ্যমে উপযুক্ততা অনুযায়ী নিজস্ব বাজেটে অন্তর্ভুক্ত করে নিজ নিজ এলাকায় স্ব-উদ্যোগে বাস্তবায়ন করতে সচেষ্ট হয়। বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প একটি ফলাফল ভিত্তিক সমসাথী শিখন কার্যক্রম, যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে এবং সুইস এজেন্সি ফর ডেভলপমেন্ট এন্ড কোঅপারেশন (এসডিসি) এর আর্থিক সহায়তায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। বিগত দিনে বাস্তবায়িত পারস্পরিক শিখন কর্মসূচীর মূল উদ্দেশ্য ছিল 'নন্দিত অনুসন্ধানের ভিত্তিতে সমসাথী শিখন প্রক্রিয়ার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা'। এ লক্ষ্যে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা তাদের নিজ নিজ কর্ম এলাকার ভাল শিখনসমূহ চিহ্নিত করার মাধ্যমে কার্যক্রম শুরু করে। এ কার্যক্রম নির্দিষ্ট সংখ্যক ইউনিয়ন পরিষদ/পৌরসভাকে তাদের সমসাথীদের নিকট থেকে (অন্যান্য ইউনিয়ন পরিষদ/পৌরসভা) ভাল শিখন সম্পর্কে অবগত হওয়া এবং সহযোগিতার মাধ্যমে নিজ এলাকায় রূপায়ন/বাস্তবায়নের সুযোগ করে দেয়। ইউনিয়ন পরিষদ/পৌরসভাগুলো নিজেদের ভাল শিখনসমূহ সূচকসহ চিহ্নিত করে এবং জনগণের চাহিদাকে বিশ্লেষণ করত: উপযুক্ত ভাল শিখনগুলো পরিদর্শন করে। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), স্থানীয় প্রশাসন, উন্নয়ন সহযোগী সংস্থা এবং অন্যান্য ইউনিয়ন পরিষদ/পৌরসভার প্রতিনিধিগণ যাচাইয়ের মাধ্যমে সর্বোত্তম ভাল শিখন হিসাবে সুপারিশ করেন। বাছাইকৃত সর্বোত্তম ভাল শিখনগুলো ইউনিয়ন পরিষদ/পৌরসভা আলোচনার মাধ্যমে বার্ষিক পরিকল্পনা এবং বাজেটে অন্তর্ভূক্ত করে এবং নিজস্ব সম্পদ ব্যবহারের মাধ্যমে রূপায়ন/বাস্তবায়ন করতে সচেষ্ট হয় যা অত্যন্ত উৎসাহব্যঞ্জক। এভাবে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট উপজেলাগুলোতে সুশাসন, পানি সরবরাহ, স্যানিটেশন, স্বাস্থ্য এবং শিক্ষা সম্পর্কিত ভাল শিখনসমূহ রেকর্ডভুক্ত হয়।

বর্তমানে এনআইএলজি'র পাশাপাশি মাঠ পর্যায়ে এইচএলপি কার্যক্রম বাস্তবায়নে উন্নয়ন সহযোগী সংস্থা হিসেবে ক) ব্রেকিং দ্য সাইলেন্স, হেলভিটাস সুইস ইন্টারকোঅপারেশন বাংলাদেশ, গ) সুশীলন, ঘ) প্রিপ ট্রাস্ট এবং ঙ) ওয়াটারএইড বাংলাদেশ যৌথভাবে কাজ করছে। ওয়াটারএইড বাংলাদেশের সাথে আরো ১৪টি স্থানীয় উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে এসকেএস ফাউন্ডেশন একটি যা বিগত ২৪/১২/২০২০ ইং তারিখে মেহেরপুর সদর উপজেলায় উপজেলা-কর্মশালাটি পরিচালনা করে। উপজেলা কর্মশালা পরিচালনার উদ্দেশ্য নিম্নরূপ:

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণে উপজেলা পর্যায়ে কর্মশালার উদ্দেশ্য ঃ

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীরণে উপজেলা পর্যায়ে কর্মশালার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

- বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী এবং প্রাতিষ্ঠানিকীকরণ প্রক্রিয়া সম্পর্কে ধারণা প্রাপ্তি;
- ইউনিয়ন পর্যায়ে প্রস্তুতকৃত ভাল শিখনগুলোর তালিকা সূচকসহ বিস্তারিতভাবে প্রকাশ করা;
- ভোটিং এর মাধ্যমে (বাস্তবায়নের সময়কাল, উপকারভোগীর সংখ্যা, অর্থের উৎস, পরিধি ও বাস্তবায়ন/রূপায়ণের ব্যপকতা বিবেচনায়) প্রতিটি উপজেলা থেকে ৫টি (পাঁচ) ভাল শিখন চূড়ান্তকরণ (বিশেষ ক্ষেত্রে একাধিক ভাল শিখনের তালিকা থেকে পিএমইউ কর্তৃক ৫টি ভাল শিখন নির্বাচন);
- নির্বাচিত ভাল শিখনগুলোর তথ্যপত্র প্রস্তুতকরণ ও প্রকাশের সময়সীমা নির্ধারণ;
- উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট জনপ্রতিনিধি/কর্মকর্তাগণের সহযোগিতায় পরবর্তী করণীয় (Action Plan) নির্ধারণ;
- উপজেলা সমন্বয় সভার কার্যপত্রে পারস্পরিক শিখন কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ এবং অগ্রগতি পর্যালোচনার বিষয়ে সিদ্ধান্ত;
- অনির্বাচিত ভাল শিখনগুলোর তালিকা (সূচকসহ) প্রস্তুতকরত: সংরক্ষণ, পিএমইউ-তে প্রেরণ এবং পরবর্তী বিশেষ নির্বাচনের জন্য প্রস্তুতি গ্রহণ;
- জেলা পর্যায়ে নেটওয়ার্ক কর্মশালার জন্য প্রস্তুতি গ্রহণ।

কর্মশালা পরিচালনা ঃ

এরই ধারাবাহিকতায় বিগত. ২৪/১২/২০২০ ইং তারিখে মেহেরপুর সদর উপজেলায় ০৫ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, নির্ধারিত সংখ্যক সদস্য এবং ইউনিয়ন পরিষদ সচিবসহ মোট ৫৫ অংশগ্রহণকারীর সমন্বয়ে পারস্পরিক শিখন কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ-উপজেলা কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ ইয়ারুল ইসলাম-উপজেলা চেয়ারম্যান, সভাপতি হিসেবে জনাব মোঃ মাসুদুল আলম, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং বিশেষ অতিথি হিসেবে জনাব মোছাঃ লতিছন নেছা- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপস্থিত ছিলেন। এছাড়াও ভাল শিখন চিহ্নিতকরণ কার্যক্রমটি প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা থেকে/উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান এসকেএস ফাউন্ডেশন এর প্রতিনিধি জনাব মোঃ মিজানুর রহমান আকন্দ সঞ্চালনা করেন।

কর্মশালায় ব্যবহৃত উপকরণ ঃ মাল্টিমিডিয়া, ল্যাপটপ, ফ্যাস্টুন, ব্যানার, ব্রাউন পেপার, প্যাড, কলম, প্লাষ্টিক ফাইল ইত্যাদি।

চূড়ান্তভাবে নির্বাচিত ভাল শিখনসমূহ ঃ

ক্র.ন.	চূড়ান্তভাবে নির্বাচিত ভাল শিখনসমূহ	প্রাপ্ত মোট ভোট	সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নাম	উদ্যোক্তা-ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম (জনপ্রতিনিধি/কর্মকর্তা/কর্মচারী/ সাধারণ জনগন/ইউনিয়ন পরিষদ)	সম্ভব্য উপকারভোগীর সংখ্যা
০১	বয়স্ক, প্রতিবন্ধি ও বিধবাদের তালিকা অনলাইন ভিত্তিক হাল নাগাদ করা আছে	১৭	কুতুবপুর	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সচিব	১২৭২২ জন
০২	বাল্যবিবাহ প্রতিরোধে ঝুঁকিপূর্ন গরীব ছাত্রীদের সাইকেল বিতরন	২৪	বুড়িপেতা	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সচিব	৭৫ জন
০৩	পারস্পারিক যোগাযোগের মাধ্যমে ইউনিয়ন পরিষদের মধ্যে সকল মানুষের জন্য রক্ত দান কর্মসূচি চালু করা হয়েছে	১৪	আমঝুপি	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সচিব	৮৫০ জন
০৪	প্রতি বছর ১-১০ শ্রেনীর মেধাক্রম ১-৩ শিক্ষার্থীকে সংবর্ধনা প্রদান করা করা হয় ইউনিয়নের পক্ষ থেকে	১৫	আমদাহ	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সচিব	৭২০ জন
০৫	আর্সেনিক মুক্ত পানির সুবিধা নিশ্চিত করতে ইউনিয়ন পরিষদের আওতায় ৬টি সিডকো প্লান্ট এর সংস্কার করা হয়	১৫	পিরোজপুর	সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সচিব	১৮০০০ জন

উল্লিখিত ০৫ টি ইউনিয়ন পরিষদ থেকে সকল অংশগ্রহণকারীগণের প্রত্যক্ষ অংশগ্রহণ এবং ১টি করে ভোটিং এর মাধ্যমে মোট ০৫ টি ভাল শিখন চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে।

কর্মপরিকল্পনা ঃ উপজেলা কর্মশালার রিপোর্ট তৈরি করা এবং পিএমইউতে প্রেরণ, অংশগ্রহণকারীগণের মোবাইল নং হালনাগাদ, উপজেলা পরিষদ সমন্বয় সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ, ইউনিয়ন পরিষদের সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ, ভাল শিখনের উপর তথ্য পত্র (Fact Sheet) তৈরি করা, ভাল শিখন রূপায়নের কর্মপরিকল্পনা তৈরী, অভিজ্ঞতা বিনিময় সফরের আয়োজন, বার্ষিক বাজেট বই এ ভালো শিখন রুপায়নের জন্য অর্থবরাদ্দ।

অংশগ্রহণকারীগণের মতামত ঃ

এসকেএস ফাউন্ডেশন ওয়াটারএইড বাংলাদেশ এর সহায়তায় বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রতিষ্ঠানিকীকরণ প্রকল্প এর আওতায় এ ধরনের কার্যক্রম উপজেলা তথা ইউনিয়ন পরিষদের কাজকে সহজীকরন ও দিকনির্দেশনার পথ দেখাতে সহায়তা করবে। প্রত্যেক ইউনিয়ন পরিয়দ বাংলাদেশ সরকার ও বিভিন্ন দাতা সংস্থার অর্থায়নে সেবাসমুলক কাজ করে থাকে, এ ক্ষেত্রে ইউনিয়ন পর্যায়ে যদি ক্রসভিজিট করার ব্যবস্থা থাকে তবে বিভিন্ন ধরনের কাজ সম্পর্কে ধারনা ও উৎসাহ যোগাবে। এসব ক্ষেত্রে এসকেএস ফাউন্ডেশন অগ্রণী ভুমিকা পালন করবে বলে আশা করা যায়।

উপসংহার ঃ

দিনব্যাপী এ কর্মশালার মাধ্যমে মেহেরপুর উপজেলা থেকে মোট ০৫ টি ভাল শিখন চূড়ান্তকরণ করা হয়েছে। এর মধ্যে ০১ টি ইউনিয়ন পরিষদ আগামী ২৮/০৩/২০২১ ইং তারিখ বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ০১ টি শিরোনামের ভাল শিখনটি সরেজমিন পরিদর্শণের জন্য ভ্রমণ করবে। পরবর্তীতে নেটওয়ার্ক কর্মশালায় উল্লিখিত চূড়ান্ত ভাল শিখনসমূহের ফ্যাক্টশিট/তথ্যপত্র প্রস্তুতকরত:উপস্থাপন করা হবে।

ফটো গ্যালারী ঃ

নিউজ লিংক ঃ

https://www.facebook.com/watch/live/?v=157046299103897&ref=search